[redacted] [redacted] [redacted] (№.) [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] (№.) [redacted] [redacted] [redacted] [redacted], [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

মেহেরপুরের শ্যামপুর ইউনিয়নে জেলা বিএনপির গণসংযোগ ও লিফলেট বিতরণ

মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের ৬ নং ওয়ার্ডে বিএনপির ৩১ দফা দাবি প্রচারে গণসংযোগ ও লিফলেট বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (৬ সেপ্টেম্বর) বিকেলে সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের আলমপুর উত্তরপাড়া, ধোসারপাড়া ও নোনাপাড়ায় জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে এ কর্মসূচি পরিচালিত হয়।

এ সময় তিনি এলাকাবাসীর হাতে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট তুলে দেন এবং স্থানীয়দের সঙ্গে মতবিনিময় করেন।

গণসংযোগ কর্মসূচিতে জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা অংশ নেন। তাদের মধ্যে ছিলেন সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, জেলা শহীদ জিয়া স্মৃতি সংসদের সভাপতি আলিফ আরাফাত, শ্যামপুর ইউনিয়ন বিএনপির সভাপতি তোফাজ্জল হোসেন, পিরোজপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক মিন্টু আলী, যুবদল নেতা মিঠুন, নাহিদসহ স্থানীয় বিএনপি ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা।

মেহেরপুরে সার্ভেয়ার সমাজকল্যাণ সংস্থার আলোচনা

সভা

মেহেরপুরে সার্ভেয়ার সমাজকল্যাণ সংস্থার আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (৬ সেপ্টেম্বর) বিকেল ৩টায় শহরের ঘোষপাড়ায় সার্ভেয়ার সমাজকল্যাণ সংস্থার কার্যালয়ে এ সভার আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংস্থার সভাপতি সার্ভেয়ার মোঃ আব্দুল মজিদ। সভার কার্যক্রম পরিচালনা ও সঞ্চালনা করেন সাধারণ সম্পাদক হানিফ মাহামুদ সাকিব।

সভায় বক্তব্য রাখেন সার্ভেয়ার মোঃ সোহরাব হোসেন, দীন মোহাম্মদ, আঃ বারী, তানভীর আল মামুন, মোঃ উবায়দুল ইসলামসহ অন্যান্য সদস্যবৃন্দ।

আলোচনা শেষে সভাপতি সংস্থার সার্বিক উন্নয়ন ও আগামী দিনের কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত বক্তব্য উপস্থাপন করেন।

মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদকের উদ্যোগে ফ্রি মেডিকেল ক্যাম্প



শনিবার (৬ সেপ্টেম্বর) সকাল ১০টায় শুরু হয়ে দিনব্যাপী মেহেরপুরের

রায়পুর সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে এ ফ্রি মেডিকেল ক্যাম্পের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান উপস্থিত থেকে এ কর্মসূচির উদ্বোধন করেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক সৌরভ হোসেন, পৌর বিএনপির সভাপতি আব্দুল লতিফ, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা।

এছাড়াও এসময় শহীদ জিয়া স্মৃতি সংসদ কেন্দ্রীয় কমিটির আইন বিষয়ক সম্পাদক মাহমুদুল হাসান মিলন, জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সাবেক সদস্য ইলিয়াস হোসেন, এ কে এম খাইরুল বাশার, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, সদর উপজেলা বিএনপির সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক রাকিবুল ইসলাম রিপন প্রমুখ উপস্থিত ছিলেন।

স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে আয়োজিত এই ক্যাম্পে শতাধিক মানুষ বিনামূল্যে চিকিৎসা সেবা ও ওষুধ গ্রহণ করেন। আয়োজকরা জানান, অসহায় ও দরিদ্র মানুষের পাশে দাঁড়াতেই এ ধরনের উদ্যোগ নেওয়া হয়েছে এবং ভবিষ্যতেও এ কার্যক্রম অব্যাহত থাকবে।

মুজিবনগরে দুই দেশের সম্প্রীতির বন্ধনে পূরণ হলো পচি খাতুনের শেষ ইচ্ছা

ভারত-বাংলাদেশ সম্প্রীতির বন্ধনে পূরণ হলো পচি খাতুনের শেষ ইচ্ছা। ভারতের নদিয়া জেলার চাপড়া থানার হৃদয়পুর গ্রামের বাসিন্দা মৃত জামাত শেখের স্ত্রী পচি খাতুনের (৬৫) শেষ ইচ্ছা ছিল মৃত্যুর পর যেন বাংলাদেশে থাকা তার নানাবাড়ির স্বজনরা অন্তত এক নজর তার মরদেহ দেখতে পারেন।

আজ তার মৃত্যু হলে তার পরিবার-পরিজন তার শেষ ইচ্ছার কথা ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) কাছে জানায় এবং তাদের অনুরোধ করে ইচ্ছা পূরণের জন্য। বিএসএফ তাদের অনুরোধে সাড়া দিয়ে বাংলাদেশ সীমান্তরক্ষী বাহিনীর (বিজিবি) সাথে যোগাযোগ করে। দুই দেশের সীমান্তরক্ষী বাহিনীর আন্তরিক প্রচেষ্টায় মৃত পচি খাতুনের ইচ্ছা পূরণ হয়।

শনিবার সকালে ভারতের হৃদয়পুর থেকে বিএসএফ সদস্যদের সহযোগিতায় পচি খাতুনের মরদেহ আনা হয় মুজিবনগর স্বাধীনতা সড়ক সীমান্তের ১২৫ নম্বর মেইন পিলারের কাছে। মুজিবনগর বিজিবি কোম্পানি কমান্ডার আবুল বাশার এবং ভারতের বিএসএফ চাপড়া কোম্পানি কমান্ডার মিঠুন কুমারের নেতৃত্বে দুই দেশের সীমান্তরক্ষী বাহিনীর মধ্যে কোম্পানি কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকের মাধ্যমে দুই দেশের সীমান্তরক্ষী বাহিনী আন্তরিকতা দেখিয়ে মরদেহ নিয়ে আসার অনুমতি প্রদান করে।

সীমান্তে মরদেহটি এনে মুজিবনগর উপজেলার সোনাপুর নতুনপাড়ার তার নিকট আত্মীয়দের দেখার ব্যবস্থা করা হয়। প্রায় ২৫ মিনিট মরদেহটি সীমান্তে রাখা হয়। এ সময় নিকট আত্মীয়স্বজনসহ আশপাশের বিপুল সংখ্যক মানুষ পচি খাতুনকে শেষবারের মতো দেখে বিদায় জানান। পরে মরদেহটি কবরস্থ করার জন্য আবার ভারতে ফিরিয়ে নেওয়া হয়।

আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে ঈদে মিলাদুন্নবী উদযাপন

আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে যথাযথ মর্যাদায় ঈদে মিলাদুন্নবী উদযাপন করা হয়েছে। দিনটি উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

আজ শনিবার সকালে মেহেরপুরের আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে এ আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বিদ্যালয়ের সভাপতি মো. হাসিবুর জামান স্বপন।

এছাড়াও এসময় সহকারী প্রধান শিক্ষক মো. হাফিজুজ্জামান, সহকারী শিক্ষক মো. আবুল হাসান, মো. ফারাহ হোসেন লিটন, মো. হাবিবুর রহমান, মো. রফিউক ইসলাম, মো. বসির আহাম্মেদ, মো. রবিউল ইসলাম, সাহিদা বানু, শাহানাজ খাতুন, নার্গিস চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন।

কবিতা আবৃত্তি ও পত্র লেখায় শ্রেষ্ঠত্ব অর্জন করেছে মেহেরপুরের অনিক ও রাফি

বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চলের আয়োজনে জুলাই গণঅভ্যুত্থান দিবস উপলক্ষে আয়োজিত প্রতিযোগিতায় জাতীয় পর্যায়ে উজ্জ্বল সাফল্য অর্জন করেছে মেহেরপুর সরকারি কলেজের অনিক ও রাফি।

কলেজের শিক্ষার্থী মোঃ অনিক হাসান স্বরচিত কবিতা আবৃত্তি (গণঅভ্যুত্থান কেন্দ্রিক কবিতা) প্রতিযোগিতায় এবং মোঃ রাফি উদ্দীন প্রিয়জনের কাছে পত্র লেখা (গণঅভ্যুত্থান কেন্দ্রিক) প্রতিযোগিতায় জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠত্ব অর্জন করেছে।

বুধবার রাজধানীর ইডেন মহিলা কলেজে “জুলাই-আগস্ট গণঅভ্যুত্থান অতীতের চেতনা, ভবিষ্যতের পথ নির্দেশ” শীর্ষক অনুষ্ঠানে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন অন্তর্বর্তীকালীন সরকারের শিক্ষা উপদেষ্টা প্রফেসর ড. চৌধুরী রফিকুল আবরার।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর ও বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চলের সভাপতি প্রফেসর ড. এ এস এম আমানুল্লাহ।
এ সময় আরও বক্তব্য রাখেন বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চলের সম্পাদক ও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পরিচালক (মাধ্যমিক)

অধ্যাপক ড. খান মইনুদ্দিন আল মাহমুদ সোহেল, বাংলাদেশ স্কাউটসের এডহক কমিটির সদস্য সচিব মীর মাহবুবুর রহমান স্নিগ্ধ এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ও বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চলের কমিশনার অধ্যাপক ড. মুহাম্মদ আজাদ খান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইডেন মহিলা কলেজের অধ্যক্ষ অধ্যাপক ড. শামছুন নাহার।

অনুষ্ঠানে জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানের শহীদ ১০ জন রোভার স্কাউটের পরিবারের সদস্যদের সম্মাননা প্রদান করা হয়। একই সঙ্গে মাসব্যাপী কর্মসূচির অংশ হিসেবে আয়োজিত প্রতিযোগিতার ছয়টি ইভেন্টে বিজয়ী প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারী রোভারদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

পরে শহীদদের আত্মার মাগফিরাত কামনায় এক মিনিট নিরবতা পালন ও দোয়া-মোনাজাত অনুষ্ঠিত হয়।

শিল্পপতি জিয়াউল হক গবু ও বিএনপি নেতা ছোট কালুর মায়ের ইন্তেকাল

বিশিষ্ট শিল্পপতি এএলএম জিয়াউল হক গবু ও বিএনপি নেতা আনোয়ারুল হক ওরফে ছোট কালুর মা মনোয়ারা খাতুন ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

শনিবার ভোর তিনটার দিকে মেহেরপুর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন।

মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিলো ৯৬ বছর। তিনি বড়বাজার নিবাসী মরহুম অ্যাডভোকেট সামসুল ইসলামের স্ত্রী। মৃত্যুকালে তিনি ৬ছেলে, ২ মেয়ে, নাতি নাতনিসহ অসংখ্যা গুণাগ্রাহী রেখে গেছেন।

মরহুমার পারিবারিক সূত্রে জানা গেছে, শনিবার দুপুর ২টার সময় মেহেরপুরের শহীদ ড. সামসুজ্জোহা পার্কে জানাযা শেষে মেহেরপুর

সরকারি কলেজ মোড় সংলগ্ন পৌর কবরস্থানে দাফন সম্পন্ন করা হবে।

মুজিবনগর সীমান্তে মা ও দুই মেয়েকে পুশ ইন করেছে বিএসএফ

মেহেরপুরের মুজিবনগর উপজেলার দারিয়াপুর সীমান্ত দিয়ে মা ও দুই মেয়েকে পুশ ইন করেছেন ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)।

শুক্রবার সকালে বিজিবির সদস্যরা ওই তিনজনকে আটক করে মুজিবনগর থানায় সোপর্দ করেছেন।

বিজিবি জানিয়েছে, আটক তিনজন বাগেরহাট জেলার মমতা বেগম (৬০) এবং তাঁর দুই মেয়ে ময়না বেগম (৩০) ও মাহিনুর (২৫)। তবে দুই মেয়ে জন্মসূত্রে ভারতীয় নাগরিক বলে জানিয়েছে পুলিশ।

পুলিশ সূত্রে জানা গেছে, মমতা বেগম অবৈধভাবে গিয়ে ভারতের হরিয়ানা রাজ্যে ৩০ বছর ধরে বসবাস করছিলেন। জন্মসূত্রে তাঁর দুই মেয়ে ভারতীয় নাগরিক। মেয়েরা সেখানকার বিদ্যালয়ে লেখাপড়া করতেন। গত রোববার হঠাৎ সেখানকার পুলিশ তাঁদের বাড়ি থেকে আটক করে বিএসএফের কাছে হস্তান্তর করে। বিএসএফ শুক্রবার সকালে দারিয়াপুর সীমান্তের আন্তর্জাতিক সীমানা পিলার ১১২–এর ৩ এস এলাকা দিয়ে বাংলাদেশে ঠেলে দেয়। পরে বিজিবি বাংলাদেশের ভূখণ্ড থেকে তাঁদের আটক করে।

মুজিববনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান বলেন, ‘আটক তিনজনের ঠিকানা যাচাই করার জন্য বাগেরহাটে পুলিশকে বার্তা দেওয়া হয়েছে। ঠিকানা ও পরিচয় সঠিক হলে তাঁদের পরিবারের কাছে হস্তান্তর করা হবে’।

মেহেরপুরের বুড়িপোতা ইউনিয়নে ৩নং ওয়ার্ড বিএনপি’র কার্যালয়ে হামলা-ভাঙচুর

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের ৩নং ওয়ার্ড বিএনপি’র কার্যালয়ে দুর্বৃত্তদের হামলা ও ভাঙচুরের অভিযোগ উঠেছে। গতকাল বৃহস্পতিবার রাত নয়টার সময় এ ঘটনা ঘটে।

স্থানীয় বিএনপি নেতা ও ৩নং ওয়ার্ড সহ-সভাপতি শামসুল আলম লায়লা জানান, রাতে আওয়ামী লীগ নেতাকর্মীরা লাঠি-সোটা ও রড নিয়ে অতর্কিতভাবে অফিসে হামলা চালায় এবং কার্যালয়ের আসবাবপত্র, ব্যানার ও মোটরসাইকেল ভাঙচুর করে। এ সময় বিএনপি নেতা শরিফুল ইসলাম ও হায়াতকে মারধর করে গুরুতর আহত করা হয়। তিনি আরও বলেন, “হামলাকারীরা এখনও হুমকি দিচ্ছে, আমরা আতঙ্কে আছি।

অভিযোগে বলা হয়েছে, মোহানের ছেলে সোহেল, জহুরের ছেলে সাদ্দাম, আসুবের ছেলে রাজিব ও সবুজ, কাসেমের ছেলে বাঁধন, রাজ্জাকের ছেলে সম্রাট, সামাদুলের ছেলে আরিফুল এবং ইকলাসসহ আরও কয়েকজন এই হামলায় জড়িত ছিলেন।

ঘটনার পর থেকে এলাকায় উত্তেজনা বিরাজ করছে।